

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২, ২০২৩

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ/০২ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

এস. আর. ও নং-৫৪ আইন/২০২৩।—নির্বাচন কমিশন, জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০ (২০১০ সনের ৩ নং আইন) এর ধারা ২৩, ধারা ৮, ধারা ১৩ এর উপ-ধারা (৩) এবং ধারা ১৩ক এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য-উপাত্ত (সংশোধন, যাচাই এবং সরবরাহ) প্রবিধানমালা, ২০১৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রবিধানমালার—

(ক) প্রবিধান ১১ এর পরিবর্তে নিম্নরূপ প্রবিধান ১১ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১১। চার্জ, ফি, ইত্যাদি।—(১) তথ্য-উপাত্ত সংশোধন, তথ্য যাচাই এবং তথ্য-উপাত্ত সরবরাহের জন্য নিম্নবর্ণিত টেবিলে উল্লিখিত ফি বা, প্রযোজ্য ক্ষেত্রে, চার্জ প্রদান করিতে হইবে, যথা :—

টেবিল

ক্রমিক নম্বর	কার্যসমূহ	প্রদেয় ফি/চার্জ (টাকায়)
(১)	(২)	(৩)
১।	জাতীয় পরিচয়পত্র সংশোধন:	
	(ক) প্রথম বার আবেদন	২ (দুই) শত
	(খ) দ্বিতীয় বার আবেদন	৩ (তিন) শত
	(গ) পরবর্তী যে কোনো বার আবেদন	৪ (চার) শত

(৩০০৩)

মূল্য : টাকা ৪.০০

ক্রমিক নম্বর	কার্যসমূহ	প্রদেয় ফি/চার্জ (টাকায়)
২।	তথ্য-উপাত্ত সংশোধন :	
	(ক) প্রথম বার আবেদন	১ (এক) শত
	(খ) দ্বিতীয় বার আবেদন	২ (দুই) শত
	(গ) পরবর্তী যে কোনো বার আবেদন	৩ (তিন) শত
৩।	নিবন্ধনের মাধ্যমে তথ্য যাচাই :	
	(ক) এককালীন নিবন্ধন চার্জ	৫ (পাঁচ) লক্ষ
	(খ) সাব ইউজার চার্জ/নবায়ন চার্জ: বার্ষিক সাব ইউজার চার্জ/নবায়ন চার্জ	
	(অ) প্রথম ৭০ (সত্তর) টি সাব ইউজারের প্রতিটির জন্য	৪ (চার) হাজার
	(আ) প্রথম ৭০ (সত্তর) টির পরবর্তী প্রতিটি সাব ইউজারের জন্য	২ (দুই) হাজার
	(গ) যাচাইকরণ চার্জ: প্রতিটি তথ্য প্রতিবার যাচাইয়ের জন্য	৫ (পাঁচ)
	(ঘ) বিলম্ব চার্জ: যাচাইকরণ চার্জের বিল প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে পরিশোধে ব্যর্থতার কারণে বিলম্ব চার্জ	মোট বিলের ০.৫%
	(ঙ) নিবন্ধিত ব্যক্তি কর্তৃক সেবা বা সুবিধা প্রদানের অপারগতার কারণে সংশ্লিষ্ট আবেদনকারী কর্তৃক প্রদত্ত সার্ভিস চার্জ	১ (এক) শত
৪।	ব্যক্তি কর্তৃক জাতীয় পরিচয়পত্রের সঠিকতা যাচাইয়ের আবেদনের ক্ষেত্রে সার্ভিস চার্জ	১ (এক) শত
৫।	সরকারি সংস্থা বা সংবিধিবদ্ধ কর্তৃপক্ষকে তথ্য-উপাত্ত সরবরাহের ক্ষেত্রে	
	(ক) এককালীন সার্ভিস চার্জ	৫ (পাঁচ) লক্ষ
	(খ) বার্ষিক সেবা চার্জ/বার্ষিক সেবা নবায়ন চার্জ	১ (এক) লক্ষ
	(গ) প্রতিটি তথ্য-উপাত্ত প্রতিবার সরবরাহের জন্য সরবরাহ চার্জ	১ (এক)
৬।	কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক তথ্য-উপাত্ত সরবরাহের আবেদন ফি	২ (দুই) শত

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত ফি বা, প্রযোজ্য ক্ষেত্রে, চার্জ নির্দিষ্ট খাতে ট্রেজারি চালানের মাধ্যমে অথবা 'সচিব, নির্বাচন কমিশন সচিবালয়' এর অনুকূলে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে অথবা কমিশন কর্তৃক নির্দিষ্টকৃত নম্বরে মোবাইল ব্যাংকিং বা অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করিতে হইবে।

(৩) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত ফি, চার্জ ইত্যাদি প্রাপ্তির তারিখ হইতে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে উহা সরকারি হিসাবে জমা করিতে হইবে।”; এবং

(খ) প্রবিধান ১২ বিলুপ্ত হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ জাহাংগীর আলম

সচিব।